

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান-৪ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১২৯.০০.০০৯.২২-৬০

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত পুরাতন একটি জীপ গাড়ি (ভোলা ঘ-১১-০০০৮) প্রতিস্থাপনের মাধ্যমে নতুন একটি জীপ গাড়ি ক্রয়ে সম্মতি প্রদান সংক্রান্ত।

সূত্র: ৪৬.০০.০০০০.০৪২.২৬.০০৫.১৮-১৫৩২ তারিখঃ ১২/০৭/২০২৩ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১-এর ০২.০৭.২০২৩ তারিখের ০১নং স্মারকে ১০(দশ) বছরের অধিক পুরোনো মোটরযান প্রতিস্থাপনের বিধান থাকায় এবং ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ১৩/১১/২০১৯ তারিখের ৪৩০নং স্মারকে নির্ধারিত ৯৪.০০ লক্ষ টাকার (অনুর্ধ্ব ২৭০০ সিসি, ভ্যাট ট্যাক্সসহ) মধ্যে জীপ গাড়ি ক্রয় করা সম্ভব না হওয়ায় ব্যয় ব্যবস্থাপনার অনুবিভাগের উক্ত স্মারকের ক্রয়ের শর্ত শিথিল করে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ভোলা জেলা পরিষদের জন্য অকোজো ঘোষিত জীপ গাড়িটির (ভোলা ঘ-১১-০০০৮নং, মিতাসুবিশি পাজেরো) পরিবর্তে একটি Mitsubishi Pajero Sport QX (অনুর্ধ্ব ২৭০০ সিসি) জীপ গাড়ি সকল প্রকার ট্যাক্স ও ভ্যাটসহ ১,৪৫,৮৪,৫০০/-টাকায় নিজস্ব অর্থায়নে ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

তবে শর্ত থাকে যে,

- (ক) ভোলা জেলা পরিষদের চলতি ২০২৩-২৪ অর্থবছরের যানবাহন (জীপ/পিকআপ/মাইক্রোবাস গাড়ি ক্রয়) খাতে বরাদ্দকৃত ৩.০০ কোটি টাকা হতে এ ব্যয় নির্বাহ করতে হবে; এ জন্য অর্থ বিভাগ হতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না;
- (খ) উপরোক্ত গাড়ি ক্রয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর বিধানাবলী অনুসরণ করতে হবে;
- (গ) জীপ গাড়ি ক্রয়ের পূর্বে কনডেমনেশন কমিটি কর্তৃক অকোজো ঘোষিত জীপ গাড়িটি (ভোলা-ঘ-১১-০০০৮) বিআরটিএ কর্তৃক নির্ধারিত প্রাক্কলিত মূল্য ৮.০০ লক্ষ টাকাকে ভিত্তি মূল্য ধরে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সর্বোচ্চ মূল্য প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নিলামে বিক্রি করে বিক্রিত অর্থ প্রচলিত বিধি-বিধান অনুযায়ী সরকারি কোষাগারে/ভোলা জেলা পরিষদের ব্যাংক হিসাবে জমা প্রদান করতে হবে এবং বিষয়টি স্থানীয় সরকার বিভাগ ও অর্থ বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে; এবং
- (ঘ) এ বিষয়ে প্রচলিত বিধি এবং অন্যান্য আনুষ্ঠানিকতা আবশ্যিকভাবে পালন করতে হবে।

ডায়েরি নং- ২৮৪২ তারিখ- ২৭/৭/২৩
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ)
সচিব
স্থানীয় সরকার (বিভাগ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) মনোর উন্নয়ন
৩) মুশালিস	৩) উন্নয়ন
৪) মুশলিস (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পানি)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) জিউপি অধিশাখা
	৮) আটন অধিশাখা

ডায়েরি নংঃ.....
তারিখঃ ২৭/৭/২৩ স্বাক্ষর

২৪/০৭/২৩
(মোঃ তাজুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ০২-৯৫৪০১৮৮

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ২৭/৭/২৩
নম্বর ২১৬৬

২৭/৭/২৩
সচিব (প্রশাসন)